



বিরোধিতার জন্য বিরোধিতা করছে বিরোধী দল: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিরোধী দল বিরোধিতার জন্যই বিরোধিতা করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, বিরোধিতা করতে গিয়ে স্বৈরাচার ফিরে আসার পথ তৈরি হলে তা জুলাইয়ের শহীদ ও ১৯৭১ সালের মুক্তিযোদ্ধাদের সঙ্গে বিশ্বাসঘাতকতার শামিল হবে।

সোমবার (১৯ অক্টোবর) ঢাকার ঐতিহাসিক ওসমানী উদ্যানে নবনির্মিত ‘জুলাই স্মৃতিস্তম্ভ’ উদ্বোধন শেষে বক্তব্যে এসব কথা বলেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, সরকার ও বিরোধী দল—উভয়কেই জনগণ দায়িত্ব দিয়েছে। তাই সরকারি ও বিরোধী দল উভয়ই জনগণের প্রতিনিধিত্ব করে—এ বিষয়টি বিবেচনায় রেখে দোষারোপের রাজনীতি থেকে বেরিয়ে আসা উচিত।

বিরোধী দলের নেতাদের অনুষ্ঠানে উপস্থিত না থাকার প্রসঙ্গ তুলে তারেক রহমান বলেন, সরকারের সঙ্গে রাজনৈতিক দূরত্ব থাকলেও জুলাইয়ের শহীদ ও আহতদের পাশে তাঁদের দাঁড়ানো উচিত ছিল। তাঁদের আত্মত্যাগের কারণেই আজ অনেকে বিরোধী দলের নেতা ও সংসদ সদস্য হিসেবে পরিচিতি পেয়েছেন বলে মন্তব্য করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, বিরোধী দলের নেতারা অনুষ্ঠানে এসে জুলাইয়ের শহীদ ও আহতদের সঙ্গে বসলে বোঝা যেত, তাঁরাও জুলাইয়ের চেতনাকে ধারণ করেন। বিএনপি যেভাবে জুলাইকে ধারণ করে, বিরোধী দলকেও সেভাবে এগিয়ে আসার আহ্বান জানান তিনি।

দেশের মানুষের ভাগ্য পরিবর্তনে সরকার কাজ করছে উল্লেখ করে তারেক রহমান বলেন, জনগণের সমর্থন নিয়েই সরকার ও বিরোধী দল নিজ নিজ দায়িত্ব পালন করছে।